



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BANGLA/ বাংলা

6 APRIL 2024

7:35 AM IST

ৰাজ্যে প্ৰথম পৰ্যায়ৰ লোকসভা নিৰ্বাচনৰ জন্ম প্ৰচাৰ অভিযানে গতি এসেছে । এই পৰ্যায়ৰ আগামী ১৯শে এপ্ৰিল ডিব্ৰুগড়, লক্ষিমপুৰ, কাজিৰাঙ্গা, যোৰহাট ও শোণিতপুৰ আসনে ভোটগ্ৰহণৰ জন্ম ব্যাপক প্ৰচাৰ অভিযান চলছে । ক্ষমতাসীন বিজেপি সহ কংগ্ৰেছ, আম আদমি পাৰ্টি, অসম গণ পৰিষদ, ইউ পি পি এল, বি পি এফ সহ অন্যান্য দল নিৰ্বাচনী প্ৰচাৰ চালাচ্ছে । মুখ্যমন্ত্ৰী ডঃ হিমন্তবিশ্ব শৰ্মা গতকাল ডিব্ৰুগড় লোকসভা কেন্দ্ৰে বিজেপি প্ৰাৰ্থী সৰ্বানন্দ সনোয়ালৰ হয়ে নিৰ্বাচনী জনসভায় অংশগ্ৰহণ কৰেছেন ।

এদিকে দ্বিতীয় পৰ্যায়ৰ আগামী ২৬শে এপ্ৰিল অনুষ্ঠয় লোকসভা নিৰ্বাচনৰ জন্মেও বিভিন্ন ৰাজনৈতিক দল ও নিৰ্দল প্ৰাৰ্থীৰা তাৰে প্ৰচাৰ অভিযান অব্যাহত ৰেখেছেন ।

শিলচৰ ও কৰিমগঞ্জ সহ দ্বিতীয় পৰ্যায়ৰ ৫ টি লোকসভা আসনেৰ নিৰ্বাচনৰ মনোনয়নপত্ৰগুলি গতকাল পৰীক্ষা কৰা হয় । এবাৰেৰ নিৰ্বাচনে কৰিমগঞ্জ লোকসভা আসনে মোট ২৪ জন প্ৰাৰ্থী ময়দানে ৰয়েছেন । এৰমধ্যে ১৯ জন প্ৰাৰ্থীই নিৰ্দল ।

কৰিমগঞ্জ জেলায় নিৰ্বাচনৰ কাজে যুক্ত ভোটকৰ্মীদেৰ পোষ্টাল ব্যালট সংগ্ৰহেৰ জন্ম জেলা প্ৰশাসন থেকে বিজ্ঞপ্তি জাৰী কৰা হয়েছে । আগামী ১৪ থেকে ১৮ই এপ্ৰিল সকাল দশটা থেকে বিকেল পাঁচটাৰ মধ্যে কৰিমগঞ্জ জেলা আয়ুক্তেৰ কাৰ্যালয়েৰ ব্যালট পেপাৰ সেল থেকে পোষ্টাল ব্যালট সংগ্ৰহ কৰে ভোট দেবাৰ আহ্বান জানানো হয়েছে ।

কাছাড়ের অতিরিক্ত আয়ুক্ত তথা এম সি এম সি সেলের পক্ষ থেকে জেলার সব রাজনৈতিক দলের সভাপতি , সম্পাদক এবং শিলচর আসনের প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের এক পত্রে নির্বাচনী প্রচারের কাজে ব্যবহৃত যানবাহনের বিস্তারিত তথ্য জেলা নির্বাচন আধিকারীককে জানাতে বলা হয়েছে । জেলা নির্বাচন আধিকারীকের অনুমোদন সাপেক্ষে যানবাহনগুলো প্রচারের কাজে ব্যবহার করা যাবে এবং অনুমোদন পত্রটি যানবাহনের সম্মুখের কাছে দর্শানো বাধ্যতামূলক । দ্বিচক্রযান , সাইকেল , রিক্সার বিশদ বিবরণ সেডো অবজারভেশন রেজিষ্টারে অন্তর্ভুক্ত করার জন্য একাউন্টিং টিমের কাছে দাখিল করতে হবে । যদি কোন বাহন নির্বাচন আধিকারীকের লিখিত অনুমোদন ছাড়া প্রচারের কাজে ব্যবহার করা হয় তবে তা দন্ডনীয় অপরাধ বলে গণ্য করা হবে । এছাড়া কোন প্রার্থী তার নিজের জন্য প্রদত্ত গাড়ি অন্য কোন প্রার্থীর নির্বাচনী প্রচারের কাজে বিনিময় করেন তবে সেই বাহনের অনুমোদন বাতিল করা হবে ।

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলার এস ভি ই ই পি সেলের পক্ষ থেকে গতকাল শিলচর পৌরসভার সভাকক্ষে ভোটের সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে আয়োজিত সভায় ১৫টি উন্নয়ন খন্ড আধিকারীক এবং তিনটি পৌরসভার আধিকারীকরা উপস্থিত ছিলেন । সভায় সম্প্রতি রাজ্য নির্বাচন কমিশন এবং আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযান ও আসাম রাজ্য নগর জীবিকা অভিযানের সঙ্গে হওয়া সমঝোতা যুক্তির অঙ্গ হিসেবে শিলচর লোকসভা আসনে ভোটদানের হার বৃদ্ধির বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া আগামী দিনে এস ভি ই ই পি সেলের উদ্যোগে জেলা জুড়ে প্রচার অভিযান চালানোর সিদ্ধান্ত হয়েছে ।

শিলচর লোকসভা আসনের পুলিশ পর্যবেক্ষক , ভারতীয় পুলিশ সেবার আধিকারীক ধরমবীর যাদব শিলচর এন আই টি-র ব্রহ্মপুত্র অতিথিশালায় অবস্থান করছেন । পুলিশ পর্যবেক্ষকের লিয়াসন অফিসার হিসেবে এস আই শুভজিৎ দত্ত এবং অজিতেশ ধরকে নিয়োজিত করা হয়েছে । পুলিশ পর্যবেক্ষক প্রতিদিন সকাল ৯টা থেকে সকাল ১০টা পর্যন্ত ব্রহ্মপুত্র অতিথিশালায় জনগনের অভিযোগ শুনছেন । যোগাযোগ করতে ইচ্ছুক যেকোন ব্যক্তি লিয়াসন অফিসারদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন বলে পর্যবেক্ষক সেলের পক্ষ থেকে জানানো হয়েছে ।

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পি বি পি সেলের দায়িত্ব প্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে শিলচর লোকসভা আসনে ভোটের কাজে যুক্ত কর্মীদের পোষ্টাল ব্যালটে আগামী ১৯ , ২০ এবং ২১শে এপ্রিল ভোটদান ধার্য করা হয়েছে ।

এদিকে ৮৫ বছরের ঊর্ধের প্রবীন নাগরিক ও বিশেষভাবে সক্ষম ব্যক্তির প্রথম দফায় আগামী ১৯ , ২০ ২১ এবং দ্বিতীয় দফায় ২২ ও ২৩ এপ্রিল ভোটদান করতে পারবেন ।
